৪ মে ২০১৬

এফবিসিসিআই/জনসংযোগ/২০১৬/৮২

কুয়েত বাণিজ্য প্রতিনিধিদলের সাথে এফবিসিসিআই নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশে বিনিয়োগ ও দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধিতে কুয়েত প্রতিনিধিদলের আগ্রহ প্রকাশ

ঢাকা, বুধবার, ৪ মে ২০১৬

কুয়েত চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র (কেসিসিআই) সফররত বাণিজ্য প্রতিনিধিদল এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) নেতৃবৃন্দের মধ্যে এক মতবিনিময় সভা আজ বুধবার (৪-৫-২০১৬) স্থানীয় এক হোটেলে অনুষ্ঠিত হয়। সভায় দু'দেশের ব্যবসায়ীবৃন্দ উভয় দেশে বিনিয়োগ বৃদ্ধি এবং দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে গভীর আগ্রহ প্রকাশ করেন। এফবিসিসিআই এবং কেসিসিআই নেতৃবৃন্দ সভায় দ্বিপাক্ষিক বাণিজ্য উন্নয়ন, প্রতিনিধিদল বিনিময় ও ব্যবসা নেটওয়ার্ক বাড়াতে একটি 'সমঝোতা স্মারক' সাক্ষর করেন।

উল্লেখ্য যে, কুয়েতের মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে কুয়েতের এই ব্যবসায়ী প্রতিনিধিদল বাংলাদেশ সফর করছে।

কেসিসিআইয়ের ভাইস চেয়ারম্যান জনাব আব্দুল ওয়াহাব এম. আল ওয়াযান এর নেতৃত্বে কুয়েতের বিভিন্ন খাতের ব্যবসায়ী নেতৃবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। এফবিসিসিআইয়ের ভারপ্রাপ্ত সভাপতি জনাব শফিউল ইসলাম (মহিউদ্দিন), সহ-সভাপতি জনাব মাহবুবুল আলম এবং পরিচালকবৃন্দ সভায় অংশ নেন।

মতবিনিময়ে দু'দেশের ব্যবসায়ী নেতৃবৃন্দ উভয় দেশে বিনিয়োগ বৃদ্ধি এবং দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করেন। বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নয়ন, বর্ধনশীল প্রবৃদ্ধি এবং বিপুল সংখ্যক তরুণ কর্মক্ষম জনগোষ্ঠীর বিষয়টি উল্লেখ করে এফবিসিসিআই নেতৃবৃন্দ কুয়েতের ব্যবসায়ীদেরকে বাংলাদেশে বিনিয়োগে আহ্বান জানান। তারা দেশের রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলসহ জ্বালানি, অবকাঠামো, থিম পার্ক এবং ফ্যাশনশিল্প ও অন্যান্য খাতে কুয়েতের বিনিয়োগ এবং যৌথ বিনিয়োগের আহ্বান জানান। এছাড়াও এফবিসিসিআই নেতৃবৃন্দ বাংলাদেশী কর্মীদের জন্য কুয়েতের ভিসা পদ্ধতি সহজীকরণ, কুয়েতের বাজারে বাংলাদেশী পণ্যের শুল্কমুক্ত ও কোটামুক্ত প্রবেশাধিকার এবং কুয়েত ও বাংলাদেশের ব্যবসায়ী সংগঠনের মধ্যে 'যৌথ বিজনেস কাউন্সিল' গঠনের উপর গুরুত্ব আরোপ করেন।

কুয়েত চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র ভাইস চেয়ারম্যান ও কুয়েতের প্রাক্তন বাণিজ্যমন্ত্রী জনাব আব্দুল ওয়াহাব এম. আল ওয়াযান তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, বাংলাদেশ ও কুয়েতের মধ্যে বাণিজ্য বৃদ্ধির যথেষ্ট সুযোগ রয়েছে। বাংলাদেশী ব্যবসায়ীবৃন্দ কুয়েতের বাজারে আরো বেশি পরিমাণে পণ্য রপ্তানির উদ্যোগ নিতে পারে বলে তিনি উল্লেখ করেন। এছাড়াও তিনি কুয়েতের বিভিন্ন উন্নয়ন প্রকল্পে বাংলাদেশী ব্যবসায়ীদেরকে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহ্বান জানান। কুয়েত বিনিয়োগের জন্য বর্তমানে সম্পূর্ণ উন্মুক্ত উল্লেখ করে তিনি বাংলাদেশী ব্যবসায়ীদের সেদেশে বিনিয়োগের আহ্বান জানান।

উল্লেখ্য যে, ২০১৪-২০১৫ অর্থবছরে বাংলাদেশ কুয়েতে ১৭.১৩ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি করেছে এবং কুয়েত থেকে ৮৫৯.৮৬ মিলিয়ন মার্কিন ডলারের পণ্য আমদানি করেছে। বাংলাদেশ কুয়েতে মূলত কৃষিজাত পণ্য, নীটওয়্যার ও হিমায়িত খাদ্যসহ অন্যান্য পণ্য রপ্তানি করে থাকে।

বরাবর

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকা/সংবাদ মাধ্যমে প্রচার/প্রকাশ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

মীর শাহাবুদ্দিন মোহাম্মদ

মহাসচিব

4 May 2016
FBCCI/PR/Press-16/82

Meeting between FBCCI and Kuwait Chamber of Commerce held

Business Leaders expressed interest for bilateral trade and investment

Dhaka, Wednesday, 4 May 2016

The Business Leaders of Kuwait have expressed their interest to invest in different sectors of Bangladesh. They also emphasized on expansion of bilateral trade with Bangladesh. The Kuwait Business Leaders also invited the Bangladesh Businessmen to invest in Kuwait utilizing their 'Free Zone' facility. They urged this at a meeting between the Business Leaders of the Federation of Bangladesh Chambers of Commerce & Industry (FBCCI) and the Business Delegation of Kuwait Chambers of Commerce & Industry (KCCI) at a city hotel on Wednesday (4/5/2016). Both the Chamber leaders signed a Memorandum of Understanding (MOU) to facilitate exchange of business delegation, business networking and information exchange etc.

Mr. Abdul Wahab M. Al Wazzan,Vice Chairman of Kuwait Chambers of Commerce & Industry (KCCI) and the former Commerce Minister of Kuwait led Kuwait the delegation. The KCCI Leaders are visiting Bangladesh as the entourage of Kuwait Prime Minister. H.E. Sheikh Jaber Al – Mubarak Al- Hamad Al- Sabah

Mr.Mohammad Shafiul Islam (Mohiuddin), Acting President of FBCCI led the FBCCI team while Mr. Mahbubul Alam, Vice President of FBCCI and Directors also attended. The FBCCI leaders, at the meeting invited the Kuwait businessmen to invest in different sectors of Bangladesh such as, power, infrastructure, theme park, fashion industry and specially in an economic zone. They also requested their counterparts to easy the visa processing for Bangladeshi workers, duty free quota free (DFQF) access of Bangladeshi products to Kuwait and also to form a 'Joint Business Council'

Addressing the Meeting, Mr. Abdul Wahab M. Al Wazzan said that there is ample scope for expansion of bilateral trade between Bangladesh and Kuwait. He urged the Bangladesh businessmen to export more products to Kuwait. Mr. Abdul Wahab M. Al Wazzan also invited the FBCCI leaders to participate effectively in different development projects in Kuwait.

It may be mentioned that the Bangladesh export to Kuwait in 2014-2015 was 17.13 Million US $ and the import from Kuwait was of 859.86 Million US $.

To
Chief Reporter/News Editor
Dhaka.

For favour of information/publication/telecast/broadcast/release please.

Sd/-
Mir Shahabuddin Mohammad
Secretary General